গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
ত্রাণ কর্মসূচি-১ শাখা
www.modmr.gov.bd

বিষয়ঃ জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল (NSSS) সংক্রান্ত "শ্রম ও জীবিকায়ন গুচ্ছের" ১ম সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি	:	জনাব মোঃ শাহ কামাল সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
সভার স্থান	:	সভা কক্ষ
সভার তারিখ ও সময়	:	২১ এপ্রিল, ২০১৬ খ্রিঃ বিকাল ৩.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং আলোচ্যসূচি অনুসারে আলোচনা শুরু করার জন্য সিনিয়র সহকারী সচিব (ত্রাক-১)-কে অনুরোধ জানান। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সিনিয়র সহকারী সচিব (ত্রাক-১) কর্তৃক সভার প্রেক্ষাপট তুলে ধরেন। সিনিয়র সহকারী সচিব (ত্রাক-১) সভাকে অবহিত করেন যে, গত ১৮.০৮.২০১৫ তারিখে মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে "জাতীয় সামাজিক কৌশল" (NSSS) সংক্রান্ত কেন্দ্রীয় পরিবীক্ষণ কমিটির'' নবম সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় মোট ছয়টি সিদ্ধান্তের নিম্নবর্ণিত অর্থাৎ ২নং সিদ্ধান্তটি অন্তর্ভুক্ত ছিল।

> "(২) জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশলে প্রস্তাবিত পাঁচটি ক্লাস্টারের লিড মন্ত্রণালয়সমূহ আগামী তিন সপ্তাহের মধ্যে প্রতিটি ক্লাস্টারের সমন্বয় সভার আয়োজন করবে এবং সভার রেকর্ড নোটিস মন্ত্রিপরিষদ বিভাগ, সাধারণ অর্থনীতি বিভাগ এবং সংশ্লিষ্ট অন্যান্য মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করবে।"

০২। তিনি আরো জানান যে, "সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি (NSSS) সংক্রান্ত কেন্দ্রীয় পরিবীক্ষণ কমিটি একটি সাব-কমিটির তত্বাবধানে সাধারণ অর্থনীতি বিভাগ জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশলের খসড়া প্রণয়ন করেছে। কৌশলটি ০১ জুন, ২০১৫ তারিখের মন্ত্রিসভায় অনুমোদিত হয়েছে। এটি একটি চলমান দলিল, যা প্রয়োজনে সংশোধন করা যাবে। কৌশলের রূপকল্প হচ্ছে যোগ্যতা সম্পন্ন সকল বাংলাদেশী নাগরিকের জন্য এমনকি একটি সামাজিক নিরাপত্তা ব্যবস্থা গড়ে তোলা যা দরিদ্র ও ক্রমবর্ধমান বৈষম্যকে কার্যকর ভাবে প্রতিরোধ করে বৃহত্তর মানব উন্নয়ন, কর্মের সুযোগ সৃষ্টি ও অর্থনৈতিক প্রবৃদ্ধিতে ভূমিকা রাখবে। জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশলে জীবন-চক্র-ভিত্তিক (life-cycle-based) সমন্বিত সামাজিক নিরাপত্তা কর্মসূচী প্রণয়ন এবং সামাজিক নিরাপত্তা খাতে উন্নততর সেবা প্রদানের প্রচলিত ব্যবস্থার পূনর্বিন্যাসের প্রস্তাব করা হয়েছে।

০৩। যে সকল মন্ত্রণালয়/বিভাগ সামাজিক নিরাপত্তা কর্মসূচী বাস্তবায়ন করছে, কৌশলপত্র অনুযায়ী তাদেরকে পাঁচটি ক্লাস্টারের ভাগ করা হয়েছে এবং ক্লাস্টারের থিমের সংগে ঘনিষ্ট সম্পর্কে রয়েছে এমনকি একটি মন্ত্রণালয়/বিভাগ ক্লাস্টার সমন্বয়কের দায়িত্ব পালন করবে। বাস্তবায়নকারী মন্ত্রণালয় তাদের নিজস্ব কর্মসূচীগুলির নকশা প্রণয়ন এবং সেগুলি কার্যকরভাবে বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত হবেন। জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল বাস্তবায়নে মন্ত্রণালয়/বিভাগভিত্তিক কর্ম-পরিকল্পনা প্রণয়নের বিষয়টি অনুসরণের জন্য কেন্দ্রীয় পরিবীক্ষণ কমিটি একটি উপ-কমিটি গঠন করেছে। ক্লাস্টারভিত্তিক প্রথম দফার সমন্বয় সভা অনুষ্ঠানের পর এ উপ-কমিটি কাজ শুরু করবে। উপরোক্ত সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে নিজ নিজ ক্লাস্টারের সমন্বয় সভা সংক্রান্ত অগ্রগতি সম্পর্কে অবহিত করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগ অনুরোধ জানিয়েছে। উল্লেখ্য যে, শ্রম জীবিকায়ন ও ক্লাস্টারের লিড মন্ত্রণালয় হলো দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। তৎপ্রেক্ষিতে সচিব মহোদয় কর্তৃক এ সভা আহবান করা হয়েছে।

০৪। সভায় সভাপতি ক্লাষ্টারভুক্ত মন্ত্রণালয়ের প্রতিনিধিগণকে স্ব-স্ব মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি সম্পর্কে অবহিত করণের অনুরোধ জানান। এর প্রেক্ষিতে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধি জানান যে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় হতে সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচির আওতায় ভিজিডি কর্মসূচি চলমান রয়েছে। এছাড়া গ্রাম ও শহরের দরিদ্র মায়ের জন্য মাতৃত্বকালীন ভাতা কর্মসূচি রয়েছে। সমাজ কল্যাণ মন্ত্রণালয়ের প্রতিনিধি জানান যে সমাজ কল্যাণ মন্ত্রণালয় হতে সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচির আওতায় মুক্তিযোদ্ধাদের সম্মানী ভাতা, বয়স্ক ভাতা, প্রতিবন্ধী শিশুদের উপবৃত্তি ও চা শ্রমিকদের জন্য ভাতা কর্মসূচি চালু রয়েছে। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে সিনিয়র সহকারী সচিব (ত্রাক-১) জানান যে, দেশের অতিদরিদ্র ও বিশেষ সম্প্রদায়ের দুঃস্থ জনসাধারণের দুর্যোগ ঝুঁকিহ্রাস ও খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি, কাজের বিনিময়ে খাদ্য কর্মসূচি, টেষ্ট রিলিফ, ভিজিএফ, জিআর চাল ও নগদ অর্থ, গৃহনির্মাণ মেরামতের জন্য ঢেউটিন ও নগদ অর্থ এবং শীতার্ত দরিদ্রদের জন্য কম্বল সহায়তা কর্মসূচি চালু রয়েছে। যা দেশের দারিদ্র দূরীকরণে উল্লেখযোগ্য ভূমিকা পালন করছে।

০৫। সভাপতি মহোদয় জানান যে, মাঠ পর্যায়ে সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি সমূহ যথাযথভাবে বাস্তবায়িত হওয়ার ক্ষেত্রে জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী কর্মকর্তাগন মুখ্য ভূমিকা পালন করে থাকেন। তিনি জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী কর্মকর্তার ভূমিকা আরো জোরদারকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উপর গুরত্বারোপ করেন। তিনি আরো জানান যে, ক্লাষ্টারভুক্ত মন্ত্রণালয় সমূহ কর্তৃক পরিচালিত সকল সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি সমূহের কার্যকর বাস্তবায়নের লক্ষ্যে কর্ম পরিকল্পনা প্রণয়ন জরুরী। তাই তিনি ক্লাষ্টারভুক্ত মন্ত্রণালয়কে স্ব স্ব কর্মসূচি সংক্রান্ত বিস্তারিত তথ্য প্রদানের অনুরোধ জানান।

০৬। বিস্তারিত আলোচনা শেষে সভায় উপস্থিত সকলের সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক) শ্রম ও জীবিকায়ন ক্লাস্টারভুক্ত স্থানীয় সরকার বিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, সমাজকল্যান মন্ত্রণালয়, অর্থ বিভাগ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এবং মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচিসমূহের বিস্তারিত বিবরণ (কর্মসূচির নাম, বাজেট বরাদ্দের পরিমান,বাস্তবায়ন কৌশল, উপকারভোগীর সংখ্যা) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

(খ) ক্লাস্টারভুক্ত মন্ত্রণালয় এ বিষয়ে একজন ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা নির্ধারণ পূর্বক দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়কে অবহিত করবে।

০৭। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

স্বাক্ষরিত/-
২৫.০৪.২০১৬
(মোঃ শাহ কামাল)
সচিব

নং-৫১.০০.০০০০.৪২১.০৬.০০৪.১২-১৮৫ তারিখঃ ২৫/০৪/২০১৬ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্যঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৯। সচিব মহোদয়ের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। অতিরিক্ত সচিব (ত্রাণ) এর ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২৫/৪/১৬

(মোহাম্মদ মনিরুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব (ত্রাক-১)
ফোনঃ ৯৫৪০১৭৯
e-mail sasreliefprog1@modmr.gov.bd